

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ৩১, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
[ মূল্য সংযোজন কর ]

আদেশ

তারিখ : ১০ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ/২৪ মার্চ, ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয় : ‘বঙ্গবন্ধু ৯ম বাংলাদেশ গেমস’ আয়োজন উপলক্ষে সকল ব্যয়ের উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) হইতে অব্যাহতি প্রদান।

নং ০৮/মূসক/২০২১।—যেহেতু, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী ‘মুজিব বর্ষ’ যথাযথ মর্যাদার সাথে সারাদেশে পালিত হইতেছে এবং বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশন বঙ্গবন্ধুর মহান স্মৃতির প্রতি শ্রদ্ধা জানানোর লক্ষ্যে আগামী ১-১০ এপ্রিল, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে ‘বঙ্গবন্ধু ৯ম বাংলাদেশ গেমস’ আয়োজন করিয়াছে এবং উক্ত প্রতিযোগিতায় দেশের ৬৪টি জেলা হইতে আনুমানিক ৫০০০ জনের অধিক সংখ্যক ক্রীড়াবিদ এবং ১৫০০ জনের অধিক টেকনিক্যাল অফিসিয়াল অংশগ্রহণ করিবে; এবং

যেহেতু, বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশন (বিওএ) একটি অলাভজনক এবং অব্যবসায়িক ক্রীড়া উন্নয়ন সংস্থা, যাহা আন্তর্জাতিক অলিম্পিক কমিটি (আইওসি) কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত; এবং

যেহেতু, একাধিক খেলার সমন্বয়ে জাতীয় পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতা যেমন: বাংলাদেশ গেমস, বাংলাদেশ যুব গেমস ইত্যাদি আয়োজন এবং আন্তর্জাতিক পর্যায়ে অনুষ্ঠিত ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণের লক্ষ্যে খেলোয়াড়দের প্রশিক্ষণের ব্যবস্থাকরণ ও প্রতিযোগিতায় দল প্রেরণ করা বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশন কর্তৃক সম্পাদিত হইয়া থাকে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশন কর্তৃক ‘বঙ্গবন্ধু ৯ম বাংলাদেশ গেমস’ আয়োজন উপলক্ষে সকল ব্যয়ের উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান করিল :

( ৭১৩১ )

মূল্য : টাকা ৪.০০

**শর্তাবলী :**

- (ক) 'বঙ্গবন্ধু ৯ম বাংলাদেশ গেমস' এর আয়োজন উপলক্ষে শুধুমাত্র বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশন কর্তৃক ব্যয়ের বিপরীতে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে;
- (খ) প্রতিযোগিতায় অংশগ্রহণকারী খেলোয়াড় ও কর্মকর্তাদের দৈনিক আহার ও আবাসন বাবদ ব্যয়িত অর্থের বিষয়ে পরিশিষ্ট অনুযায়ী বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশনের ডেপুটি সেক্রেটারি জেনারেল পদমর্যাদার নিম্নে নহেন এমন কোনো সদস্যের স্বাক্ষরিত প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের কমিশনার এর নিকট অর্থ পরিশোধের (১০) দিনের মধ্যে দাখিল করিতে হইবে;
- (গ) এছাড়া অন্যান্য যাবতীয় ব্যয় সংক্রান্ত হিসাব বিবরণী বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশন কর্তৃক সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের কমিশনার এর নিকট অর্থ পরিশোধের দশ(১০) দিনের মধ্যে দাখিল করিতে হইবে।

০২। উপরিউক্ত শর্তাবলী সঠিকভাবে প্রতিপালিত না হইলে প্রযোজ্য মূল্য সংযোজন কর আইনানুগ পন্থায় আদায়যোগ্য হইবে।

**পরিশিষ্ট**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, 'বঙ্গবন্ধু ৯ম বাংলাদেশ গেমস' প্রতিযোগিতায় অংশগ্রহণকারী খেলোয়াড় ও কর্মকর্তাদের দৈনিক আহার ও আবাসন বাবদ.....টাকা..... নিম্নোক্ত প্রতিষ্ঠানকে.....তারিখে পরিশোধ করা হইয়াছে।

প্রতিষ্ঠানের নাম:.....

প্রতিষ্ঠানের ঠিকানা:.....

মুসক নিবন্ধন নম্বর:.....

ফোন নম্বর:.....

স্বাক্ষর

(বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশন মনোনীত কর্মকর্তার নাম ও পদবি)

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী ফরিদ উদ্দীন

প্রথম সচিব (মুসক নীতি)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd